

আটাভ/সার্কুলার/২০২৫/৬৭

১৪ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ

সকল সম্মানিত সদস্য, আটাভ।

বিষয়ঃ এয়ার টিকেটের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে অতিরিক্ত মূল্যে এয়ার টিকেট ক্রয়-বিক্রয় না করার জন্য অনুরোধ।

সূত্রঃ- ১। মোকাট পত্র নং- ৩০.০০.০০০০.০১৪.২৩.০০২.২০১৯-৩৮৪। তাং ১২/১২/২০২৪ খ্রিঃ
২। বেবিচক পত্র নং- ৩০.৩১.০০০০.১১২.৫৯.০০১.২৪। তাং ২৯/১২/২০২৪ খ্রিঃ

প্রিয় সদস্যবৃন্দ,


আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

ইতোমধ্যে আপনারা অবগত আছেন যে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সূত্রোক্ত পত্রের মাধ্যমে এয়ার টিকেটের সাশ্রয়ী মূল্য বজায় রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল এয়ারলাইন্সকে নির্দেশনা প্রদান করেছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সৌদি আরবে বিগত সময়ের চেয়ে দ্বিগুন হারে বিএমইটি ছাড়পত্র প্রদান করেছে ও শ্রমিক যাত্রী প্রেরণ বৃদ্ধি পেয়েছে যা বিএমইটি ওয়েবসাইট থেকে জানা যায়। এছাড়াও ওমরাহ যাত্রীদের সংখ্যা রমযান মাস পর্যন্ত সর্বদা বেশি থাকে। এই কারণে ও ফ্লাইটের চাহিদা অত্যধিক বৃদ্ধি পেয়েছে। অপরদিকে বিগত বছরের তুলনায় এবছর কয়েকটি এয়ারলাইন্স ঢাকা, চট্টগ্রাম ও সিলেট থেকে তাদের প্রায় ৫২ টি ফ্লাইট পরিচালনা কমিয়ে দিয়েছে যার ফলে প্রতিদিন প্রায় ১৫০০ আসন কমে গিয়েছে। এয়ারলাইন্সগুলো ডলার সংকটের জন্য যথাসময়ে তাদের স্ব স্ব দেশে রেমিট্যান্স করতে না পারায় ডলারের রেট বৃদ্ধিসহ এয়ারলাইন্সের কষ্ট অব ফান্ড বৃদ্ধি পাওয়ার কারণে এবং যাত্রীদের টিকেটের চাহিদা বেশি হওয়ায় এয়ার টিকেটের মূল্য বৃদ্ধি পাচ্ছে মর্মে এয়ারলাইন্স জানিয়েছে।

এয়ার টিকেটের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে মধ্যপ্রাচ্যগামী সকল এয়ারলাইন্সদের অতিরিক্ত ফ্লাইট পরিচালনার জন্য আটাভ অনুরোধ জানিয়েছে এবং আটাভের অনুরোধ ও পরিস্থিতি বিবেচনায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স মদীনায় সপ্তাহে অতিরিক্ত ১টি ফ্লাইট পরিচালনা করেছে। টিকেটের মূল্যবৃদ্ধি নিরসনে অতিরিক্ত ফ্লাইট পরিচালনার জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ অচিরেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে।

এয়ার টিকেটের মূল্যবৃদ্ধির জন্য এয়ারলাইন্সের পাশাপাশি ট্রাভেল এজেন্সিদেরকেও দায়ী করা হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে সরকারি নির্দেশনা ও আইন অনুযায়ী এয়ার টিকেটের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে স্বাভাবিক মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে এয়ার টিকেট ক্রয় ও অতিরিক্ত মুনাফায় (নির্ধারিত কমিশনের বাহিরে অতিরিক্ত দামে) বিক্রয় না করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

ধন্যবাদান্তে,



আফিয়া জান্নাত সালেহ
মহাসচিব

অনুলিপিঃ-

- ১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ২) চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।